## এনএইচএস স্তন স্ক্রিনিং: আপনাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করা

এনএইচএস কেন স্তন স্ক্রিনিং প্রস্তাব করে

স্তন ক্যান্সার থেকে জীবন রক্ষা করার জন্য এনএইচএস স্ক্রিনিং প্রস্তাব করে। যখন স্তন ক্যান্সারের লক্ষণ দেখতে পাওয়া বা অনুভব করা যায় সেই প্রাথমিক পর্যায়ে সনাক্ত করার মাধ্যমে স্ক্রিনিং জীবন রক্ষা করে। স্ক্রিনিং আপনার স্তন ক্যান্সার হওয়া প্রতিরোধ করে না।

স্তন স্ক্রিনিংয়ের কিছু ঝুঁকি রয়েছে। কিছু মহিলারা যারা স্ক্রিনিং করান, তাদের স্তন ক্যান্সার নির্ণয় ও চিকিৎসা করা হবে, যদিও সেই ক্যান্সার অন্যথায় কখনোই তাদের ক্ষতি করতো না বা খুঁজে পাওয়া যেত না।

## কেন আপনাকে স্তন স্ক্রিনিংয়ের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে

৫০ থেকে ৭১তম জন্মদিন পর্যন্ত সকল মহিলাকে প্রতি ৩ বছর অন্তর স্তন স্ক্রিনিংয়ের জন্য আমন্ত্রণ জানানো হয়। আপনার প্রথম স্ক্রিনিংয়ের আমন্ত্রণ আমরা আপনার ৫০তম এবং ৫৩তম জন্মদিনের মধ্যে যে কোনো সময় পাঠিয়ে থাকি।

যদি আপনার বয়স ৭১ বা তার বেশি হয়, তবে আপনি এখনও স্তন ক্যান্সারের ঝুঁকিতে আছেন। যদিও আপনার ৭১তম জন্মদিনের পরে আর স্ক্রিনিংয়ের আমন্ত্রণ পাঠানো হবে না, তবুও আপনি প্রতি ৩ বছর অন্তর স্তন স্ক্রিনিং করাতে পারবেন। এক্ষেত্রে আপনাকে আপনার স্থানীয় স্তন স্ক্রিনিং ইউনিটে যোগাযোগ করে অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে। আপনার স্থানীয় ইউনিটের বিবরণ খুঁজে পাবেন NHS.UK ওয়েবসাইটে।

কিছু স্থানীয় স্তন স্ক্রিনিং পরিষেবা আপনাকে স্তন স্ক্রিনিংয়ের জন্য এসএমএস (টেক্সট) অ্যাপয়েন্টমেন্ট রিমাইন্ডার পাঠাতে পারে।

যদি আপনি একজন ট্রান্সজেন্ডার (ট্রান্স) পুরুষ বা মহিলা হিসেবে নিজেকে চিহ্নিত করেন, তাহলে স্ক্রিনিংয়ের জন্য আপনার যোগ্যতা সম্পর্কে আরও তথ্য অনলাইনে পাওয়া যেতে পারে এই লিংকে: https://www.gov.uk/government/publications/nhspopulation-screening-information-for-transgender-people.

## স্তন ক্যান্সার

স্তন ক্যান্সার শুরু হয় যখন স্তনের কোষগুলো নিয়ন্ত্রণহীনভাবে বাড়তে শুরু করে এবং জমা হয়ে একটি পিন্ড (যাকে টিউমারও বলা হয়) তৈরি করে। ক্যান্সার বাড়তে থাকলে কোষগুলো শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়তে পারে এবং এটি জীবননাশের কারণ হতে পারে।

যুক্তরাজ্যে স্তন ক্যান্সার সবচেয়ে বেশি হওয়া ক্যান্সারের ধরন। যুক্তরাজ্যে প্রতি বছর প্রায় ১২,০০০ মহিলা স্তন ক্যান্সারে মারা যান। এ রোগ থেকে বেঁচে থাকার হার সময়ের সাথে সাথে

উন্নত হয়েছে, এবং বর্তমানে স্তন ক্যান্সারে আক্রান্ত প্রতি ৪ জনের মধ্যে প্রায় ৩ জন ১০ বছর পরে জীবিত থাকেন।

আপনার বয়স বাড়ার সাথে সাথে স্তন ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেড়ে যায়। প্রায় ৪ জনের মধ্যে ৫ জন স্তন ক্যান্সার রোগী ৫০ বছরের বেশি বয়সী মহিলার মধ্যে পাওয়া যায়। অধিকাংশ স্তন ক্যান্সার আক্রান্ত মহিলার এই রোগের পারিবারিক ইতিহাস **থাকে না**।

## স্তন স্ক্রিনিং

স্তন স্ক্রিনিং ক্যান্সারের লক্ষণগুলো যাচাই করার জন্য ম্যামোগ্রাম নামে পরিচিত একটি এক্স-রে পরীক্ষা ব্যবহার করে। এটি এমন ক্যান্সার খুঁজে বের করতে পারে যা দেখতে পাওয়া বা অনুভব করতে পারার পক্ষে খুব ছোটো।

## স্তন স্ক্রিনিং করানোর সিদ্ধান্ত নেওয়া

যখন আপনি স্তন স্ক্রিনিং ইউনিটে পৌঁছাবেন, কর্মীরা আপনার বিবরণ যাচাই করবেন এবং আপনার কোনো স্তন সমস্যা আছে কি না তা জানতে চাইবেন। যদি আপনার কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে জিজ্ঞাসা করুন।

ম্যামোগ্রাম পরীক্ষা মহিলাদের দ্বারা করা হয়, যাদের ম্যামোগ্রাফার বলা হয়। ম্যামোগ্রাফার প্রথমে আপনাকে ব্যাখ্যা করবেন কী ঘটবে। এরপর তিনি আপনার স্তনটি ম্যামোগ্রাম মেশিনে স্থাপন করবেন এবং সেটিকে চ্যাপ্টা করতে একটি প্লাস্টিকের প্লেট নিচে নামাবেন। এটি আপনার স্তনটি স্থির রাখতে এবং স্পষ্ট এক্স-রে পেতে সাহায্য করে।

ম্যামোগ্রাফার সাধারণত প্রতিটি স্তনের ২টি এক্স-রে নেন, একটি উপরের দিক থেকে এবং আরেকটি পাশ থেকে। এক্স-রে নেওয়ার সময় তিনি একটি পর্দার পেছনে চলে যাবেন। প্রতিবার কয়েক সেকেন্ডের জন্য আপনাকে স্থির থাকতে হবে।

পুরো অ্যাপয়েন্টমেন্টটি ৩০ মিনিটের কম সময় নেয় এবং ম্যামোগ্রামটি করতে মাত্র কয়েক মিনিট সময় লাগে।

## আপনাকে জিজ্ঞাসা করা হতে পারে আপনি কি কোনো ক্লিনিকাল ট্রায়ালে অংশ নিতে চান কি না

এগুলো হলো মেডিক্যাল রিসার্চ স্টাডি। যে কোনো ট্রায়াল আপনাকে প্রস্তাব করা হলে, সেটি স্তন ক্যান্সার পরীক্ষার বা চিকিৎসার সর্বোত্তম পদ্ধতি সম্পর্কে তথ্য সংগ্রহ করবে, যাতে ভবিষ্যতে আমরা মহিলাদের আরও কার্যকরভাবে সাহায্য করতে পারি। আপনি সিদ্ধান্ত নিতে পারবেন এই ট্রায়ালে অংশ নিতে চান কি না।

আপনার ম্যামোগ্রামের জন্য প্রস্তুতি নেওয়া



ম্যামোগ্রাম করানোর জন্য, আপনাকে কোমর পর্যন্ত পোশাক খুলতে হবে। তাই ড্রেসের পরিবর্তে স্কার্ট বা ট্রাউজার পরা সহজ হতে পারে।

অনুগ্রহ করে স্প্রে ডিওডোরেন্ট বা ট্যালকম পাউডার ব্যবহার করবেন না, কারণ এটি আপনার ম্যামোগ্রামে দেখা যেতে পারে। তবে আপনি রোল-অন ডিওডোরেন্ট ব্যবহার করতে পারেন।

## ম্যামোগ্রাম করানোর অভিজ্ঞতা কেমন হয়

ম্যামোগ্রাম করানো কিছুটা অস্বস্তিকর হতে পারে, এবং কিছু মহিলার জন্য এটি ব্যথাযুক্ত হয়। সাধারণত, যেকোনো ব্যথা দ্রুত চলে যায়।

## আপনার অ্যাপয়েন্টমেন্টে আসার আগে অনুগ্রহ করে আপনার স্তন স্ক্রিনিং ইউনিটে ফোন করুন যদি:

- অন্য কোনো ফরম্যাটে তথ্য প্রয়োজন হয়
- স্ক্রিনিংয়ে অংশ নিতে অতিরিক্ত সহায়তা প্রয়োজন হয়, যেমন আপনার লার্নিং ডিজঅ্যাবিলিটি [শেখার অক্ষমতা] বা চলাচলে সমস্যা থাকলে
- স্তনে ইমপ্লান্ট থাকলে
- পেসমেকার বা অন্য কোনো স্থাপিত চিকিৎসা যন্ত্র থাকলে
- আপনি গর্ভবতী বা শিশুকে বুকের দুধ খাওয়াচ্ছেন
- আপনি স্তন বিশেষজ্ঞের অধীনে চিকিৎসাধীন থাকলে

- আপনি গত ৬ মাসের মধ্যে কোনো ম্যামোগ্রাম করিয়ে থাকলে

## স্তন স্ক্রিনিংয়ের ফলাফল

আপনার অ্যাপয়েন্টমেন্টের ২ সপ্তাহের মধ্যে আপনি আপনার স্তন স্ক্রিনিংয়ের ফলাফলসহ একটি চিঠি পাবেন। ফলাফলটি আপনার জিপিকেও পাঠানো হবে।

কখনও কখনও মহিলাদের ফলাফল পাওয়ার আগে আরেকটি ম্যামোগ্রাম প্রয়োজন হতে পারে। মাঝেমধ্যে প্রযুক্তিগত সমস্যার কারণে ম্যামোগ্রামটি যথেষ্ট স্পষ্টভাবে পড়া যায় না। যদি এমনটি ঘটে, আপনাকে স্তনের আরও স্পষ্ট ছবি পাওয়ার জন্য আরেকটি ম্যামোগ্রাম করানোর অনুরোধ করা হবে।

## অধিকাংশ মহিলার মধ্যে ক্যান্সারের কোনো লক্ষণ থাকবে না

প্রায় প্রতি ১০০ জনের মধ্যে ৯৬ জন মহিলার স্ক্রিনিংয়ে ম্যামোগ্রামে ক্যান্সারের কোনো লক্ষণ পাওয়া যাবে না, এবং তাদের আর কোনো পরীক্ষা প্রয়োজন হবে না।

তবে ম্যামোগ্রামের মধ্যবর্তী সময়েও ক্যান্সার বিকাশ হতে পারে। আপনার স্তন নিয়মিত পরীক্ষা করানোর কথা মনে রাখুন এবং কোনো অস্বাভাবিক পরিবর্তন লক্ষ্য করলে সঙ্গে সঙ্গে আপনার জিপিকে জানাবেন।

## কিছু মহিলার আরও পরীক্ষা প্রয়োজন হবে

ফলাফলের চিঠিতে বলা হতে পারে যে আপনাকে আরও পরীক্ষা করাতে হবে, কারণ ম্যামোগ্রামে অস্বাভাবিক কিছু দেখা গেছে। প্রায় প্রতি ১০০ জনের মধ্যে ৪ জন মহিলাকে স্ক্রিনিংয়ের পর আরও পরীক্ষার জন্য ফেরত আসতে বলা হয়।

এই ৪ জনের মধ্যে ১ জনের ক্যান্সার শনাক্ত হয়। বাকি ৩ জনের ক্যান্সার থাকে না এবং তারা আবার প্রতি ৩ বছর অন্তর স্ক্রিনিংয়ের আমন্ত্রণ পেতে থাকেন।

যদি আপনাকে আরও পরীক্ষার জন্য ডাকা হয়, তাহলে আপনার স্তনের পরীক্ষা, আরও ম্যামোগ্রাম এবং আল্ট্রাসাউন্ড স্ক্যান হতে পারে। আপনার একটি বায়োপসি করা হতে পারে, যেখানে একটি ছোট নমুনা সুচের মাধ্যমে আপনার স্তন থেকে নেওয়া হয় এবং মাইক্রোস্কোপের নিচে পরীক্ষা করা হয়। সাধারণত আপনি এক সপ্তাহের মধ্যে আপনার ফলাফল পেয়ে যাবেন।

## যদি আপনার স্তন ক্যান্সার ধরা পড়ে, এটি ইনভেসিভ বা নন-ইনভেসিভ হতে পারে

## নন-ইনভেসিভ স্তন ক্যান্সার

স্ক্রিনিংয়ের মাধ্যমে স্তন ক্যান্সারে আক্রান্ত প্রতি ৫ জন মহিলার মধ্যে প্রায় ১ জনের নন-ইনভেসিভ ক্যান্সার থাকবে। এটির মানে হলো স্তনে ক্যান্সারের কোষ আছে, তবে সেগুলো শুধুমাত্র দুধের নালীতে (টিউব) পাওয়া গেছে এবং অন্য কোথাও ছড়িয়ে পড়েনি। এটি ডাক্টাল কার্সিনোমা ইন সিটু (ডিসিআইএস) নামেও পরিচিত। কিছু মহিলার ক্ষেত্রে, ক্যান্সারের

কোষগুলো নালীর ভিতরেই থেকে যায়। কিন্তু অন্যদের ক্ষেত্রে ভবিষ্যতে এই কোষগুলো আশেপাশের স্তন টিস্যুতে প্রবেশ (আক্রমণ) করতে পারে।

ডাক্তাররা নিশ্চিত করে বলতে পারেন না নন-ইনভেসিভ স্তন ক্যান্সার আশেপাশের স্তনে প্রবেশ করবে কি না।

## ইনভেসিভ স্তন ক্যান্সার

স্ক্রিনিংয়ের মাধ্যমে স্তন ক্যান্সারে আক্রান্ত প্রতি ৫ জন মহিলার মধ্যে প্রায় ৪ জনের ইনভেসিভ ক্যান্সার থাকবে। এটি এমন ক্যান্সার যা দুধের নালী থেকে বেড়ে আশেপাশের স্তনে প্রবেশ করেছে। অধিকাংশ ইনভেসিভ স্তন ক্যান্সার যদি চিকিৎসা করা না হয়, তবে শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়বে।




দুধের নালীতে স্তন ক্যান্সারের বিকাশের চিত্র

## স্তন ক্যান্সারের চিকিৎসা

ক্যান্সার ইনভেসিভ হোক বা নন-ইনভেসিভ, আপনাকে স্তন ক্যান্সার বিশেষজ্ঞদের একটি দল থেকে চিকিৎসা ও যত্নের প্রস্তাব দেওয়া হবে। চিকিৎসার মধ্যে সার্জারি (যার অর্থ ম্যাস্টেকটমি অর্থাৎ স্তন অপসারণের হতে পারে), রেডিওথেরাপি, হরমোন থেরাপি এবং সম্ভবত কেমোথেরাপি অন্তর্ভুক্ত থাকবে। এই চিকিৎসাগুলো দীর্ঘমেয়াদী পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে।

## সিদ্ধান্ত নেওয়া: স্তন স্ক্রিনিংয়ের সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকি

স্তন স্ক্রিনিং করানো বা না করানো সম্পূর্ণ আপনার নিজের সিদ্ধান্ত। মহিলারা স্ক্রিনিং করানো বা না করানোর জন্য বিভিন্ন ধরনের কারণ বিবেচনা করেন। আপনাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য আমরা সম্ভাব্য সুবিধা ও ঝুঁকির তথ্য অন্তর্ভুক্ত করেছি।

**স্ক্রিনিং স্তন ক্যান্সার থেকে জীবন রক্ষা করে।**
জীবন রক্ষা করা সম্ভব হয় কারণ স্ক্রিনিংয়ের মাধ্যমে ক্যান্সার নির্ণয় ও চিকিৎসা আগেই শুরু করা যায়, যা স্ক্রিনিং ছাড়া সম্ভব হতো না।

**স্ক্রিনিং এমন স্তন ক্যান্সার খুঁজে পায় যা কখনোই কোনো মহিলার ক্ষতি করত না।**
কিছু মহিলার স্তন ক্যান্সার নির্ণয় এবং চিকিৎসা করা হবে, যদিও সেই ক্যান্সার কখনোই খুঁজে পাওয়া যেত না এবং জীবননাশের কারণ হতো না। এটি স্ক্রিনিংয়ের প্রধান ঝুঁকি।

ডাক্তাররা সব সময় বলতে পারেন না যে নির্ণয় হওয়া স্তন ক্যান্সার ভবিষ্যতে জীবননাশের কারণ হবে কি না, তাই তারা স্তন ক্যান্সার আক্রান্ত সকল মহিলাকে চিকিৎসার প্রস্তাব দেন। এর অর্থ, কিছু মহিলাকে এমন চিকিৎসা দেওয়া হতে পারে যা তাদের প্রয়োজন নেই।

### স্তন স্ক্রিনিংয়ের সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকি বিবেচনা করা




স্তন স্ক্রিনিংয়ের মাধ্যমে কতজনের জীবন রক্ষা হয় এবং কতজন মহিলার এমন ক্যান্সার নির্ণয় হয় যা কখনো জীবননাশের কারণ হতো না, তা নিয়ে বিতর্ক রয়েছে। নিচের সংখ্যা একটি বিশেষজ্ঞ দল দ্বারা প্রমাণ পর্যালোচনা করে দেওয়া সর্বোত্তম অনুমান।

### স্তন ক্যান্সার থেকে জীবন বাঁচানো

স্ক্রিনিং প্রতি ২০০ জন মহিলার মধ্যে প্রায় ১ জনের জীবন স্তন ক্যান্সার থেকে রক্ষা করে। এতে যুক্তরাজ্যে প্রতি বছর প্রায় ১,৩০০ জন মহিলার জীবন স্তন ক্যান্সার থেকে বাঁচানো হয়।

### যে ক্যান্সার কোনো মহিলার ক্ষতি করত না, তা খুঁজে পাওয়া

প্রতি ২০০ জন মহিলার মধ্যে প্রায় ৩ জন, যারা ৫০ বছর বয়স থেকে ৭১তম জন্মদিন পর্যন্ত প্রতি ৩ বছর অন্তর স্ক্রিনিং করান, তাদের এমন ক্যান্সার নির্ণয় হয় যা স্ক্রিনিং ছাড়া কখনো খুঁজে পাওয়া যেত না এবং কখনো জীবননাশের কারণ হতো না। এতে যুক্তরাজ্যে প্রতি বছর প্রায় ৪,০০০ মহিলার চিকিৎসার প্রস্তাব দেওয়া হয়, যা তাদের আসলে প্রয়োজন ছিল না।

**সামগ্রিকভাবে, প্রতি ১ জন মহিলার জীবনে স্তন ক্যান্সার থেকে বাঁচানো হয়, প্রায় ৩ জন মহিলার এমন ক্যান্সার নির্ণয় হয় যা কখনো জীবননাশের কারণ হতো না।**

গবেষকরা চেষ্টা করছেন আরও ভালো উপায় খুঁজে বের করতে, যাতে বলা যায় কোন মহিলার স্তন ক্যান্সার জীবননাশের কারণ হবে এবং কোন মহিলার ক্যান্সার ক্ষতিকর হবে না।

### স্তন স্ক্রিনিংয়ের অন্যান্য ঝুঁকি কি থাকতে পারে?

বেশিরভাগ মহিলারা, যাদের স্তন স্ক্রিনিংয়ের পর আরও পরীক্ষা প্রয়োজন হয়, তাদের স্তন ক্যান্সার পাওয়া যায় না। এই মহিলারা অপ্রয়োজনীয় উদ্বেগের শিকার হন এবং কেউ কেউ এমন মানসিক কষ্ট অনুভব করেন যা তখন তাদের স্বাভাবিক দৈনন্দিন কার্যক্রমে প্রভাব ফেলে।

এক্স-রে খুবই বিরল ক্ষেত্রে ক্যান্সার সৃষ্টি করতে পারে। প্রতি ৩ বছর অন্তর ২০ বছর ধরে ম্যামোগ্রাম করানো একজন মহিলার জীবদ্দশায় ক্যান্সার হওয়ার ঝুঁকি সামান্য বৃদ্ধি করে।

ম্যামোগ্রাম সব ক্যান্সার খুঁজে পায় না। কখনও কখনও ক্যান্সার ম্যামোগ্রামে দেখা যায় না এবং খুব কম ক্ষেত্রে ম্যামোগ্রাম পাঠকরা এক্স-রেতে ক্যান্সার মিস করতে পারেন। স্ক্রিনিং অ্যাপয়েন্টমেন্টের মধ্যবর্তী সময়ে আপনার স্তনে পরিবর্তন হতে পারে, তাই আপনার স্তন নিয়মিত পরীক্ষা করা গুরুত্বপূর্ণ, যাতে আপনি স্বাভাবিক অবস্থাটি জানতে পারেন। আপনার কোনো উদ্বেগ থাকলে দয়া করে আপনার জিপির সাথে কথা বলুন।

### স্তন ক্যান্সারের লক্ষণসমূহ

আপনার স্তন সাধারণত কেমন দেখায় এবং অনুভূত হয় তা যদি যদি আপনি জানেন, তবে আপনি স্তন ক্যান্সারের সম্ভাব্য লক্ষণ হিসেবে যে কোনো পরিবর্তন সহজে লক্ষ্য করতে পারবেন। এটি গুরুত্বপূর্ণ, এমনকি যদি আপনি স্তন স্ক্রিনিং করিয়ে থাকেন তবুও। নিম্নলিখিত লক্ষণগুলোর ওপর দৃষ্টি রাখুন:

- স্তনে একটি পিন্ড হওয়া বা পুরু হওয়া
- বগলের নিচে কোনো ফোলা বা পিন্ড

- নিপল (বুকের বোঁটা) পরিবর্তন, যেটি স্তনের ভেতরে ঢুকে যেতে পারে, অথবা আকৃতিতে পরিবর্তন হতে পারে – একটি লাল ও খসখসে ফুসকুড়ি হতে পারে বা নিপল থেকে রক্ত বা অন্য কোনো তরল বের হতে পারে
- স্তনের অনুভূতি বা চেহারায় পরিবর্তন – এটি ভারী, গরম বা অসম হতে পারে, অথবা ত্বকে ছোট ছোট গর্ত দেখা যেতে পারে; স্তনের আকার ও আকৃতিতে পরিবর্তন হতে পারে
- স্তন বা বগলে একটানা ব্যথা বা অস্বস্তি, যা কয়েক সপ্তাহ ধরে থাকে

যদি আপনার স্তনে কোনো পরিবর্তন দেখা দেয়, তবে দয়া করে অবিলম্বে আপনার জিপির সাথে অ্যাপয়েন্টমেন্ট করুন। এটি ক্যান্সার নাও হতে পারে। কিন্তু যদি এটি ক্যান্সার হয়, প্রাথমিক পর্যায়ে নির্ণয় এবং চিকিৎসা করানো মানে হতে পারে যে, স্তন ক্যান্সার থেকে আপনার সুস্থ হওয়ার সম্ভাবনা বেশি হবে।

## স্ক্রিনিংয়ের পর আপনার ম্যামোগ্রামগুলোর কী হয়

এনএইচএস স্তন স্ক্রিনিং প্রোগ্রাম আপনার ম্যামোগ্রামগুলো অন্তত ৮ বছর পর্যন্ত সংরক্ষণ করবে। এই তথ্যগুলো নিরাপদভাবে সংরক্ষণ করা হয়। প্রোগ্রামটি নিয়মিতভাবে রেকর্ডগুলো পরীক্ষা করে যাতে নিশ্চিত করা যায় যে সেবাটি যতটা সম্ভব ভালোভাবে পরিচালিত হচ্ছে। স্বাস্থ্যসেবার অন্যান্য বিভাগের কর্মীদের এই উদ্দেশ্যে আপনার রেকর্ড দেখতে হতে পারে, তবে আপনার রেকর্ড কেবল তাদের সাথে শেয়ার করা হবে যাদের এটি দেখার প্রয়োজন।

যদি স্ক্রিনিং অ্যাপয়েন্টমেন্টের মধ্যে আপনার স্তন ক্যান্সার ধরা পড়ে, আমরা আপনার আগের স্ক্রিনিং ফলাফল পর্যালোচনা করব। আপনি চাইলে এই পর্যালোচনার ফলাফল দেখতে পারবেন।

## গোপনীয়তা

এনএইচএস স্ক্রিনিং প্রোগ্রামগুলো আপনার এনএইচএস রেকর্ড থেকে ব্যক্তিগত তথ্য ব্যবহার করে আপনাকে সঠিক সময়ে স্ক্রিনিংয়ের জন্য আমন্ত্রণ জানায়। এনএইচএস ইংল্যান্ডও আপনার তথ্য ব্যবহার করে নিশ্চিত করে যে আপনি উচ্চমানের যত্ন পাচ্ছেন এবং স্ক্রিনিং প্রোগ্রামগুলোর মানোন্নয়ন করা হচ্ছে। আপনার তথ্য কীভাবে ব্যবহৃত এবং সুরক্ষিত হয়, এবং আপনার বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে পারবেন এই লিঙ্কে:

## আরো তথ্য

যদি আপনার স্ক্রিনিং সম্পর্কে কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার স্থানীয় স্তন স্ক্রিনিং ইউনিটের সাথে যোগাযোগ করুন।

যদি আপনি স্তন স্ক্রিনিং করানো উচিত কিনা তা নিয়ে কারো সাথে কথা বলতে চান, তাহলে আপনার জিপি আপনাকে সহায়তা করতে পারবেন। আপনারা একসঙ্গে সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকিগুলো বিবেচনা করতে পারেন, যাতে আপনাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করা যায়।

স্তন স্ক্রিনিং সম্পর্কিত তথ্য এনএইচএস ওয়েবসাইটে পাওয়া যাবে, যেখানে আপনার স্থানীয় স্তন স্ক্রিনিং ইউনিটের বিবরণও অন্তর্ভুক্ত রয়েছে।

স্ক্রিনিং থেকে বেরিয়ে যাওয়ার উপায় সম্পর্কে জানুন: